গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৪১/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ১৬ জানুয়ারি ২০১৯, ৩ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী
সহযোগিতা অব্যাহত রাখবে জাপান
২। প্রধানমন্ত্রীর সঙ্গে নেপালের বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কিউবা, চেক প্রজাতন্ত্র ও পোল্যান্ডের অভিনন্দন
৪। প্রধানমন্ত্রীকে জার্মানি ও সংযুক্ত আরব আমিরাত সফরের আমন্ত্রণ
৫। সালমান এফ রহমান ও সজিব ওয়াজেদ জয়কে প্রধানমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগ
৬। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশের ভূমিকার প্রশংসা
৭। জরিপে যারা এগিয়ে উপজেলা নির্বাচনে তারা মনোনয়ন পাবেন : সেতুমন্ত্রী
৮। জনগণের খাদ্য, পুষ্টি ও কর্মসংস্থান নিশ্চিত করা হবে : কৃষিমন্ত্রী
৯। ট্রাফিক নিয়ম মানলে সড়কে যানজট কমবে : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে উদ্বেগ নিরসন করা হবে: তথ্যমন্ত্রী
১১। প্যাকেজিং শিল্পে পাটের ব্যবহার নিশ্চিত করা হবে : পাটমন্ত্রী
১২। সবার জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর
১৩। কাউকে দুর্নীতি করতে দেব না : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী
১৪। বর্ষার আগে নদী ভাঙনরোধে পদক্ষেপের নির্দেশ পানিসম্পদ প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর
১৫। সোনারগাঁয়ে হবে সাংস্কৃতিক জোন : সংস্কৃতি প্রতিমন্ত্রী
১৬। বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর হবে পদ্মার ওপারে : বিমান প্রতিমন্ত্রী
১৭। সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন ফরম বিক্রি শুরু
১৮। মিয়ানমারের রাষ্ট্রদূতকে আবারও তলব
১৯। প্রধানমন্ত্রীর স্বাক্ষর জালিয়াত চক্রের তিন সদস্য গ্রেফতার

চলমান পাতা-২

**১।	জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী**
**সহযোগিতা অব্যাহত রাখবে জাপান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসের বিরুদ্ধে তাঁর সরকারের দৃঢ় অবস্থানের পুনরুল্লেখ করে বলেছেন, বাংলাদেশ সন্ত্রাস এবং জঙ্গিবাদের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। শহরের নাগরিক সুবিধা দিয়ে দেশের প্রতিটি গ্রাম গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন তিনি। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সফররত জাপানের অর্থনৈতিক পুনর্জাগরণ বিষয়ক মন্ত্রী তোশিমিতসু মোটেগি সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। তোশিমিতসু মোটেগি বলেন, তাঁর দেশ বাংলাদেশের প্রধান উন্নয়ন ক্ষেত্র, বিশেষ করে রূপকল্প-২০২১ বাস্তবায়নে সহযোগিতা অব্যাহত রাখবে। সাক্ষাতে জাপানের মন্ত্রী সকলের অংশগ্রহণমূলক নির্বাচনের মাধ্যমে টানা তৃতীয় বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬)।

**২।	প্রধানমন্ত্রীর সঙ্গে নেপালের বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

নেপালের বিদায়ি রাষ্ট্রদূত ড. চোপ লাল ভূশাল এবং তাঁর সহধর্মিণী গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন। ড. ভূশাল তাঁর দায়িত্ব পালনকালে সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী এবং তাঁর সরকারের প্রতি ধন্যবাদ জানান। এ সময় বৈঠকে তাঁরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে, বিশেষ করে জলবিদ্যুৎ এবং যোগাযোগখাতে সহযোগিতার বিষয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে নেপালকে বাংলাদেশের সৈয়দপুর বিমানবন্দর ব্যবহার করতে দেওয়ার প্রস্তাব পুনরুত্থাপন করেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ, ভুটান, ভারত এবং নেপাল এ অঞ্চলের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের লক্ষ্যে সড়ক যোগাযোগ উন্নয়নের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছে। তিনি বিবিআইএন চুক্তির বাস্তবায়ন এবং বিদ্যমান ভিসা জটিলতা নিরসনের ওপরও গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ অঞ্চলের নেতা আখ্যায়িত করে নেপালের রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন, তাঁর দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বর্তমান সরকারের মেয়াদে আরও শক্তিশালী হবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮),**অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

**৩।	প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কিউবা, চেক প্রজাতন্ত্র ও পোল্যান্ডের অভিনন্দন**

চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন কিউবার প্রেসিডেন্ট মিগেল দিয়াস-কানেল ও চেক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী আন্দ্রেই বাবিজ। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পাঠানো এক বার্তায় পোল্যান্ডের প্রধানমন্ত্রী মেটিউৎজ মোরাউইসকেল বলেন, 'বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নিযুক্ত হওয়ায় আমি আপনাকে অভিনন্দন জানাই এবং এ সম্মানিত ও দায়িত্বশীল পদে আপনার সাফল্য কামনা করি। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

**৪।	প্রধানমন্ত্রীকে জার্মানি ও সংযুক্ত আরব আমিরাত সফরের আমন্ত্রণ**

জার্মানি ও সংযুক্ত আরব আমিরাত প্রধানমন্ত্রীকে সরকারি সফরের আমন্ত্রণ জানিয়েছে। সংশ্লিষ্ট কূটনৈতিক সূত্র জানায়, ১৫ থেকে ১৭ ফেব্রুয়ারি জার্মানিতে মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে অংশ নেওয়ার জন্য জার্মান সরকার প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে। এ ছাড়া প্রায় একইসময়ে সংযুক্ত আরব আমিরাত সফরের জন্যও দেশটির পক্ষ থেকে তাঁকে আমন্ত্রণ জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**৫।	সালমান এফ রহমান ও সজিব ওয়াজেদ জয়কে প্রধানমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আরো দু'জন উপদেষ্টা নিয়োগ দেওয়া হয়েছে। বিশিষ্ট শিল্পপতি সালমান এফ রহমান এমপিকে প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক ও সজীব ওয়াজেদ জয়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা পদে নিয়োগ দেওয়া হয়েছে। সজীব ওয়াজেদ জয় এর আগেও একই পদে দায়িত্ব পালন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ বিষয়ে দু'টি পৃথক আদেশ গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) জারি করা হয়। এর আগে গত ১৩ জানুয়ারি রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাঁচজন উপদেষ্টাকে পুনরায় নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) এসব উপদেষ্টা বঙ্গবন্ধু ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**৬।　জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশের ভূমিকার প্রশংসা**

জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করা হয়েছে। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) নেদারল্যান্ডের হেগে অনুষ্ঠিত এক কনফারেন্সে জাতিসংঘের পিসকিপিং অপারেশনস সংক্রান্ত আন্ডার সেক্রেটারি জেনারেল জন পিয়েরে লাকোয়া এ প্রশংসা করেন। নেদারল্যান্ডস এবং রুয়ান্ডার যৌথ উদ্যোগে আয়োজিত 'প্রিপারেটরি কনফারেন্স অন পিসকিপিং' শীর্ষক দু'দিনব্যাপী এ কনফারেন্স অনুষ্ঠিত হয়। বাংলাদেশে তাঁর সফরের কথা উল্লেখ করে লাকোয়া জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে সৈন্য ও পুলিশ সরবরাহের মাধ্যমে বাংলাদেশ যে ভূমিকা পালন করছে তার প্রশংসা করেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

**৭।　জরিপে যারা এগিয়ে উপজেলা নির্বাচনে তারা মনোনয়ন পাবেন : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে যারা মনোনয়ন চাইবেন তাদেরকে তৃণমূল থেকে সুপারিশ নিয়ে আসতে হবে। দলের জেলা-উপজেলা শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকরা তিন জনের নাম আমাদের কাছে দেবে। সেখান থেকে জরিপের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগ্য প্রার্থীদের মনোনয়ন দেবেন। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর ধানমণ্ডির একটি কনভেনশন সেন্টারে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের বর্ধিত সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **যুগান্তর** ( পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৮।　জনগণের খাদ্য, পুষ্টি ও কর্মসংস্থান নিশ্চিত করা হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষিক্ষেত্রে সময়োপযোগী ও পরিবেশবান্ধব সমন্বিত পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশ এখন খাদ্যে টেকসই স্বয়ংসম্পূর্ণতা অর্জনের দিকে অগ্রসরমান। বাংলাদেশ এরই মধ্যে দানাদার খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। বর্তমানে বিশ্বে খাদ্যশস্য উৎপাদনে বাংলাদেশের অবস্থান দশম। এখন প্রধান লক্ষ্য নির্বাচনি ইশতেহারের আলোকে দেশের মানুষের খাদ্য ও পুষ্টির নিশ্চয়তা, কর্মসংস্থান নিশ্চিত করা। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) কৃষি মন্ত্রণালয়ের অফিসকক্ষে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ রবার্ট ডগলাস সিম্পসনসহ একটি প্রতিনিধিদল কৃষিমন্ত্রীর সঙ্গে দেখা করতে এলে তিনি তাদের এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.১৫,ক.৫)।

**৯।　ট্রাফিক নিয়ম মানলে সড়কে যানজট কমবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সবাই যদি ট্রাফিক নিয়মকানুন মেনে চলে, তাহলে সড়কে যানজট অনেকটাই কমে যাবে। সড়কে ট্রাফিক শৃঙ্খলা ফেরাতে রাজধানীর বিভিন্ন সড়কে ৫৭টি চেকপোস্ট স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে আইন প্রয়োগের পাশাপাশি ট্রাফিক আইনের সচেতনতামূলক প্রচার চালানো হবে। এছাড়া শীঘ্রই নগরীর ফুটপাত দখলমুক্ত অভিযান ও অ্যাপভিত্তিক চলাচলরত যানবাহন নিয়ন্ত্রণও শুরু হবে। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**১০।　ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে উদ্বেগ নিরসন করা হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন বা অন্য যেসব আইন নিয়ে সাংবাদিকদের যে উদ্বেগ আছে তা নিরসন করা হবে। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) চট্টগ্রাম সার্কিট হাউসে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। ভুঁইফোঁড় অনলাইন নিউজ পোর্টাল নিয়ে প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, শুধু বাংলাদেশে নয়, সমগ্র পৃথিবীতে অনলাইন মিডিয়ার ব্যাপক বিস্তৃতি ঘটেছে। এ বিস্তৃতি বন্ধ করা ঠিক নয়। কিন্তু এটা যাতে সঠিকভাবে ও নিয়মনীতির মধ্য দিয়ে হয় সেটা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য। অনলাইনের জন্য নীতিমালা হচ্ছে। রেজিস্ট্রেশনের ব্যবস্থা হচ্ছে। এর আগে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেন, বাংলাদেশ টেলিভিশনের চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার ৬ ঘণ্টা থেকে বাড়িয়ে ১২ ঘণ্টায় উন্নীত করা হবে। তবে তাতে কয়েক মাস সময় লাগতে পারে। এছাড়া বাংলাদেশ টেলিভিশনের মতোই চট্টগ্রাম কেন্দ্রকে পূর্ণাঙ্গ টেরেস্টিরিয়াল হিসেবে গড়ে তোলা হবে, যাতে সারা দেশের মানুষ এ কেন্দ্রের অনুষ্ঠান উপভোগ করতে পারেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**১১।　প্যাকেজিং শিল্পে পাটের ব্যবহার নিশ্চিত করা হবে : পাটমন্ত্রী**

প্যাকেজিং শিল্পে পাটের ব্যবহার নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক)। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে নিজ কার্যালয়ে বাংলাদেশ জুট মিলস অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যদের সঙ্গে এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। পাটমন্ত্রী বলেন, পাটকে আমাদের

কাজে লাগাতে হবে। এজন্য প্যাকেজিং শিল্পে পাটের ব্যবহার নিশ্চিত করা হবে। এর জন্য সরকারের পক্ষ থেকে যা যা করার প্রয়োজন আমরা সবই করব। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৭)।

**১২। সবার জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

নির্বাচনি ইশতেহার অনুযায়ী সবার জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কর্মপরিকল্পনা গ্রহণের জন্য সকল সরকারী হাসপাতাল, ইনস্টিটিউট পরিচালক এবং মেডিকেল কলেজের অধ্যক্ষদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, সরকারি হাসপাতালকে রোগীবান্ধব হিসাবে গড়ে তুলতে সর্বোচ্চ আন্তরিকতা ও স্বচ্ছতার সঙ্গে সকলকে কাজ করতে হবে। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে সরকারি বিভিন্ন হাসপাতাল, ইনস্টিটিউটের পরিচালক এবং মেডিকেল কলেজের অধ্যক্ষদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**১৩। কাউকে দুর্নীতি করতে দেব না : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী**

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল বলেছেন, আমি সততা ও নিষ্ঠার সঙ্গে আমার ওপর অর্পিত দায়িত্ব পালন করব। মন্ত্রণালয়ের কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আনব। আমি নিজে দুর্নীতি করি না, কাউকে দুর্নীতি করতে দেব না। কোনো রকমের অনিয়ম ও দুর্নীতি প্রশ্রয় দেব না। তিনি গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) গাজীপুর শহরের শহীদ বরকত স্টেডিয়ামে গাজীপুর-২ নির্বাচনি এলাকার দলীয় নেতৃবৃন্দ ও সুধীজনদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৫,ক.১)।

**১৪। বর্ষার আগে নদী ভাঙনরোধে পদক্ষেপের নির্দেশ পানিসম্পদ প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর**

বর্ষার আগেই নদী ভাঙনরোধে পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছেন পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক ও উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম। পানি উন্নয়ন বোর্ডকে নদী ভাঙনকবলিত এলাকাগুলোর বাস্তব চিত্র আগামী ৭ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়কে জানানোর জন্য তাঁরা নির্দেশনা প্রদান করেন। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) পানিসম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম পরিদর্শনকালে পানিসম্পদ প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী এ নির্দেশনা দেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

**১৫। সোনারগাঁয়ে হবে সাংস্কৃতিক জোন : সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, বর্তমান সরকার সংস্কৃতিবান্ধব সরকার। সোনারগাঁয়ে বিদেশি পর্যটকদের আকর্ষণের জন্য সাংস্কৃতিক জোন তৈরিসহ সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন চত্বরে মাসব্যাপী লোক কারুশিল্প মেলা ও লোকজ উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন । সূত্র : **সমকাল** (পৃ.১১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১)।

**১৬। বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দর হবে পদ্মার ওপারে : বিমান প্রতিমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মাহবুব আলী বলেছেন, বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দরের স্থান চূড়ান্ত হয়েছে। পদ্মা নদীর ওপারেই হবে এ বিমানবন্দর। এ বিমানবন্দর হবে প্রাচ্য ও পাশ্চাত্যের কেন্দ্রবিন্দু। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর কুর্মিটোলায় বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সদরদপ্তরে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়শেষে প্রতিমন্ত্রী এ কথা জানান। সূত্র : **সমকাল** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১৭। সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন ফরম বিক্রি শুরু**

একাদশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনের জন্য মনোনয়ন ফরম বিক্রি শুরু করেছে আওয়ামী লীগ। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর ধানমণ্ডিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে ফরম বিক্রি কার্যক্রম উদ্বোধন করেন দলের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সংরক্ষিত মহিলা আসনের জন্য ধানমণ্ডিতে আওয়ামী লীগের নতুন ও পুরনো ভবনে চারটি বিভাগ করে মোট আট বিভাগের ফরম দেওয়া হচ্ছে। এদিকে আগামী ১৭ ফেব্রুয়ারি সংরক্ষিত মহিলা আসনে নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমদ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**১৮। মিয়ানমারের রাষ্ট্রদূতকে আবারও তলব**

বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে বাংলাদেশ মিয়ানমার সীমান্তের শূন্য রেখার ১৫০ গজের মধ্যে তুমব্রু খালে অবৈধভাবে পাকা স্থাপনা নির্মাণ করছে মিয়ানমার। গণমাধ্যমে এ খবর প্রকাশ হওয়ার পর গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত উ লুইন ও'কে তলব করে পররাষ্ট্র মন্ত্রণালয়। কেন পাকা স্থাপনা নির্মাণ হচ্ছে রাষ্ট্রদূতকে তলব করে নেপিডোর কাছে এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা জানতে চেয়ে একটি কূটনৈতিক চিঠি দিয়েছে ঢাকা। রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে নেপিডোর সর্বশেষ তথ্য জানতে চাইলে রাষ্ট্রদূত বলেন, রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে নেপডো কাজ করছে। খুব শীঘ্রই ঢাকাকে অগ্রগতি জানানো হবে। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫)।

**১৯। প্রধানমন্ত্রীর স্বাক্ষর জালিয়াত চক্রের তিন সদস্য গ্রেফতার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষর নকলকারী প্রতারক ও তার দুই সহযোগী পুলিশের হাতে গ্রেফতার হয়েছে। শুধু প্রধানমন্ত্রী নয়, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, দুদক চেয়ারম্যান, এনবিআর চেয়ারম্যান ও এনএসআই (জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা) প্রধানের স্বাক্ষর জাল করার কথাও স্বীকার করেছে তারা। তারা স্বাক্ষর জালিয়াতি করে ইতোমধ্যেই কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়ার কথাও জানিয়েছে। গতকাল (১৫ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর মালিবাগ সিআইডি'র প্রধান কার্যালয়ে আনুষ্ঠানিক সংবাদসম্মেলনে সিআইডি এসব তথ্য জানায়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, যায়যায়দিন :** রাজধানীর ট্রাফিক ব্যবস্থাপনার উন্নয়ন এবং ট্রাফিক শৃঙ্খলা আনতে ১৫ জানুয়ারিহতে ৩১ জানুয়ারি পর্যন্ত ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগ ট্রাফিক শৃঙ্খলা কার্যক্রম পরিচালনা করবে উল্লেখ করে ট্রাফিক ব্যবস্থার শৃঙ্খলা ফিরিয়ে আনতে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **ইনকিলাব :** রাইড শেয়ারিংয়ে অদক্ষ চালকদের বেপরোয়া বাইক ও গাড়ি চালানোর কারণে অনেক মানুষ হতাহত হলেও ভুক্তভোগী কেউই কোনো ক্ষতিপূরণ পায়নি উল্লেখ করে দুর্ঘটনা রোধ ও যাত্রী নিরাপত্তা নিশ্চিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

গ. **বণিক বার্তা :** অর্থায়ন সংকট ও চিকিৎসকের অভাবে রাজবাড়ী জেলার একমাত্র শিশু হাসপাতালটি দীর্ঘ ১৫ মাস ধরে বন্ধ রয়েছে উল্লেখ করে দরিদ্র জনগোষ্ঠী ও শিশুদের কথা বিবেচনায় নিয়ে হাসপাতালটি দ্রুত চালুর ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** প্রচলিত আইন ভঙ্গ করে বেআইনিভাবে ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে দেশের ছয়টি সমবায়ী প্রতিষ্ঠান এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঙ. **জনকণ্ঠ, সংবাদ :** মাদকাসক্তি দূর করার জন্য সামাজিক ও পারিবারিক প্রচেষ্টার পাশাপাশি মাদক চোরাচালান এবং বিক্রি বন্ধে সতর্কতা বাড়ানো জরুরি বলে মতপ্রকাশ।

চ. **নিউ এজ :** দেশে এইডস রোগীর সংখ্যা ক্রমাগত বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শীতের সবজির বাম্পার উৎপাদন হয়েছে উল্লেখ করে কৃষকরা যাতে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পায় সে ব্যাপারে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরিবেশ সংরক্ষণকে অধিক গুরুত্ব দিয়ে দেশের নদ-নদীগুলো আগামী দু'বছরের মধ্যে সিএস খতিয়ান মোতাবেক দীর্ঘ এবং ভারি নৌযান চলাচলের উপযোগী করতে ব্যাপক খননকাজ পরিচালনা করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'উন্নয়ন ভাবনায় পর্যটন'** শীর্ষক নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশের উন্নয়ন যাত্রায় পর্যটনশিল্পের সংযোজন শুধু আর্থিক সুফলই বয়ে আনবেনা, সেই সাথে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্থানীয়দের পর্যটনশিল্পে সম্পৃক্ত করা যাবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা